

ফাসেক সিরিজ-৯

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: পবিত্র কোরআনের বর্ণনা অনুসারে কারা ফাসেক

১. আর যারা ফাসেকী করে, তাদের আবাস হবে জাহান্নাম।

وَأَمَّا الَّذِينَ فَسَقُوا فَمَأْوَاهُمُ النَّارُ كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا أُعِيدُوا فِيهَا وَقِيلَ لَهُمْ ذُوقُوا عَذَابَ النَّارِ الَّذِي كُنْتُمْ بِهِ تُكَذِّبُونَ

আর যারা পাপাচার করেছে তাদের বাসস্থান হবে জাহান্নাম; যখনই তারা জাহান্নাম হতে বের হতে চাবে তখনই তাদের ফিরিয়ে দেয়া হবে তাতে এবং তাদেরকে বলা হবেঃ যে আগুনের শান্তিকে তোমরা মিথ্যা বলতে তা আন্বাদন করা (৩২:২০)

২. এভাবে (মুসাকে কেন সোনার কংকন দেয়া হলো না, ফেরেশতা কেন দলবদ্ধ হয়ে মুসার সাথে এল না?) সে (ফেরাউন) তার কওমকে হতবুদ্ধি করে দিল, ফলে কওমের লোকেরা ফেরাউনেরই আনুগত্য করলো। তারা ছিলো এক ফাসেক জাতি।

فَاسْتَخَفَّ قَوْمَهُ فَاطَاعُوهُ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَاسِقِينَ

এভাবে সে তার সম্প্রদায়কে হতবুদ্ধি করে দিল। ফলে তারা তার কথা মেনে নিল। তারাতো ছিল এক সত্যত্যাগী সম্প্রদায়। (৪৩:৫৪)

৩. কাফেররা পৃথিবীতে অন্যায়ভাবে দাঙ্গিকতা প্রকাশ করেছিল এবং তারা ফাসেক ছিল, সেজন্য তাদেরকে জাহান্নামের অপমানকর আযাব ভোগ করতে হবে।

وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ كَفَرُوا عَلَى النَّارِ أَلْهَبْتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُمْ بِهَا فَالْيَوْمَ تُجْرَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنْتُمْ تَسْتَكْبِرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنْتُمْ تَفْسُقُونَ

যেদিন কাফিরদেরকে জাহান্নামের সন্নিকটে উপস্থিত করা হবে সেদিন তাদেরকে বলা হবেঃ তোমরাতো পার্থিব জীবনে সুখ-সম্ভোগ ভোগ করে নিঃশেষ করেছ, সুতরাং আজ তোমাদেরকে দেয়া হবে অবমাননাকর শাস্তি; কারণ তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে ঔদ্ধত্য প্রকাশ করেছিলে এবং তোমরা ছিলে সত্যদ্রোহী। (৪৬:২০)

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

৪. ফাসেক সম্প্রদায়কে অবশ্যই ধ্বংস করা হবে। এটা আল্লাহর ঘোষণা মুহাম্মদ তুমি সবার অবলম্বন করো, যেমন অন্য রাসূলগণ দৃঢ়তা ও সবার অবলম্বন করেছিল।

فَاصْبِرْ كَمَا صَبَرَ أَوْلُوا الْعَزْمِ مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَهُمْ كَانَهُمْ يَوْمَ
يَرُونَ مَا يُوْعَدُونَ لَمْ يَلْبَثُوا إِلَّا سَاعَةً مِّنْ نَّهَارٍ بَلَّغٌ فَمَهْلِكُ الْإِلَّا
الْقَوْمُ الْفَاسِقُونَ

অতএব তুমি ধৈর্য ধারণ কর যেমন করেছিল দৃঢ় প্রতিজ্ঞ রাসূলগণ এবং তাদের জন্য (শান্তির) প্রার্থনায় তড়িঘড়ি করনা। তাদেরকে যে বিষয়ে সতর্ক করা হয়েছে তা যেদিন তারা প্রত্যক্ষ করবে সেদিন তাদের মনে হবে, তারা যেন দিনের এক দণ্ডের বেশি পৃথিবীতে অবস্থান করেনি। এটা এক স্পষ্ট ঘোষণা, আল্লাহ হতে বিমুখ সম্প্রদায় ব্যতীত কেহকেও ধ্বংস করা হবেনা। (৪৬:৩৫)

৫. মুমিনদের উপদেশ দেয়া হচ্ছে ফাসেক ব্যক্তি কোনো সংবাদ নিয়ে আসলে, তোমরা পরীক্ষা করে দেখবে।

يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا إِن جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَأٍ فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا
بِجَهْلَةٍ فَتُصْبِحُوا عَلَىٰ مَا فَعَلْتُمْ نَادِمِينَ

হে মুমিনগণ! যদি কোন পাপাচারী তোমাদের নিকট কোন বার্তা আনয়ন করে, তোমরা তা পরীক্ষা করে দেখবে যাতে অজ্ঞতা বশতঃ তোমরা কোন সম্প্রদায়কে ক্ষতিগ্রস্ত না কর এবং পরে তোমাদের কৃতকর্মের জন্য অনুতপ্ত না হও। (৪৯:৬)

৬. মুমিনদের জন্য আল্লাহ কুফরি, ফাসেকী এবং সীমালংঘনকে অপ্ৰিয় করে দিয়েছেন।

وَاعْلَمُوا أَنَّ فِيكُمْ رَسُولَ اللَّهِ لَوْ يُطِيعُكُمْ فِي كَثِيرٍ مِّنَ الْأَمْرِ لَعَنِتُّمْ
وَلَكِنَّ اللَّهَ حَبَّبَ إِلَيْكُمُ الْإِيمَانَ وَزَيَّنَهُ فِي قُلُوبِكُمْ وَكَرَّهَ إِلَيْكُمُ الْكُفْرَ
وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ أُولَٰئِكَ هُمُ الرَّشِدُونَ

তোমরা জেনে রেখ যে, তোমাদের মধ্যে আল্লাহর রাসূল রয়েছেন; তিনি বহু বিষয়ে তোমাদের কথা মেনে নিলে তোমরাই কষ্ট পাবে। কিন্তু আল্লাহ তোমাদের নিকট ঈমানকে প্রিয় করেছেন এবং উহা তোমাদের হৃদয়গ্রাহী করেছেন; কুফরী, পাপাচার ও অবাধ্যতাকে করেছেন তোমাদের নিকট অপ্ৰিয়। ওরাই সং পথ অবলম্বনকারী। (৪৯:৭)

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

৭. ঈমান আনার পর কাউকে মন্দ নামে ডাকা ফাসেকী কাজ।

بُنِيَ الْأَسْمُ الْفُسُوقُ بَعْدَ الْإِيمَانِ
ঈমানের পর মন্দ নাম (ডাকা) অতি মন্দ। (৪৯:১১)

৮. আরো আগে আমরা ধবংস করে দিয়েছিলাম নূহের জাতিকেও। তারা ছিলো এক ফাসেক জাতি।

وَقَوْمَ نُوحٍ مِّن قَبْلُ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَاسِقِينَ
আমি ধবংস করেছিলাম তাদের পূর্বে নূহের সম্প্রদায়কে, তারা ছিল সত্যত্যাগী সম্প্রদায়। (৫১:৪৬)

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা সতর্ক হয়ে যাই।

আল্লাহর কুরআনের নির্দেশ ও রাসূলের সুন্নাহ মেনে দুনিয়ায় জীবন যাপন করি।

আল্লাহ আমাদেরকে ফাসেকী কার্যকলাপ থেকে রক্ষা করুন এবং আমাদেরকে সঠিক হেদায়াত দান করুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>